



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/সাত-১৬৬/৯১

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪২৯  
২৬ মে ২০২২

বিষয় : তদন্ত প্রতিবেদনে অভিযোগ প্রমাণিত হওয়ায় কারণ দর্শানো প্রসঙ্গে

সূত্র : ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং বামাশিবো/প্রশা/সাত-১৬৬/৪৯; তারিখ: ২০.০৯.২০২১ খ্রি.

২। উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরা এর স্মারক ০৫.৪৪.৮৭৯০.০০০.৩২.০০৬.২০-৩৩১; তারিখ: ১৩.০৪.২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সাতক্ষীরা জেলার তালা উপজেলাধীন শিরশুনি দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ সিরাজুল ইসলামের বিরুদ্ধে জাল কমিটি তৈরি করে নিয়োগ কার্যক্রম সম্পন্ন সহ বিভিন্ন অভিযোগের বিষয়ে সাবেক সভাপতি জনাব এম, এম, আবুল হোসেনের অভিযোগের প্রেক্ষিতে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ০১ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরাকে পত্র দেয়া হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরা সরেজমিন তদন্ত করে প্রতিবেদন সূত্রোক্ত ০২ নং স্মারকে বোর্ডে প্রেরণ করেছেন। তদন্ত প্রতিবেদন ও নথি পর্যালোচনায় দেখা যায়, ০১/০৪/২০১৩ খ্রি. তারিখ হতে উক্ত মাদ্রাসায় হাল সন পর্যন্ত বোর্ড কর্তৃক কোনো অনুমোদিত কমিটি নেই। সুপার জনাব মোঃ সিরাজুল ইসলাম ৩১/১২/২০১৬, ০১/০১/২০১৭, ০১/০১/২০১৯ ও ০১/০১/২০২০ খ্রি. তারিখে জাল-জালিয়াতির মাধ্যমে অসৎ উপায়ে কমিটির কপি সৃজন করেছেন। ০১/০৪/২০১৩ হতে জুলাই/২০২১ পর্যন্ত কমিটির নামে অসত্য তথ্য ব্যবহার করে প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের অনুকূলে সরকারি বেতন ভাতা উত্তোলন করেছেন। ০৫/০১/২০২১ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি দিয়ে সহকারী গ্রন্থাগারিক, নিরাপত্তা কর্মী ও আয়া পদে নিয়োগ দিয়ে এমপিও ভুক্ত করেছেন। সুপারের নিজ ছেলেকে সহকারী গ্রন্থাগারিক পদে চাকুরী দিয়েছেন। সুপার তাঁর অপরাধ মৌখিকভাবে স্বীকার করেছেন মর্মেও তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় প্রত্যাহারমূলক কর্মকান্ডের জন্য আপনার এম.পি.ও বাতিলের সুপারিশসহ বিধি মোতাবেক কেন বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব পত্র জারির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
২৬.০৫.২০২২

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd



সুপার, জনাব মোঃ সিরাজুল ইসলাম  
শিরশুনি দাখিল মাদ্রাসা  
তালা, সাতক্ষীরা।

নং-বামাশিবো/প্রশা/সাত-১৬৬/৯১

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪২৯  
২৬ মে ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ বেইলী রোড, ঢাকা;
২. জেলা প্রশাসক, সাতক্ষীরা;
৩. জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা;
৪. উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরা;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তালা, সাতক্ষীরা;
৬. জনাব এম, এম, আবুল হোসেন (অভিযোগকারী), সাবেক সভাপতি, শিরশুনি দাখিল মাদ্রাসা, তালা, সাতক্ষীরা;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

  
২৬/৫/২২

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

